যুগান্তর

তারিখ 2 4 DEC 2015 ...... পৃষ্ঠা ...২৫... কলাম .....৬.....

# কাপাসিয়ায় ছাত্রলীগ নেতাকে ফরম পূরণে সুযোগ না দেয়ায় অধ্যক্ষ অবরুদ্ধ

কাপাসিয়া প্রতিনিধি

গাজীপুরের কাপাসিয়ার টোক শরীফ মোমতাজ উদ্দীন কলেজের অকৃতকার্য ছাত্রলীগ নেতা আকবর হোসেনকে ফরম পূরণের সুযোগ না দেয়ায় অধ্যক্ষ মোহাম্মদ তাজ উদ্দিনকে বুধবার ৪ ঘণ্টা তার কার্যালয়ের কলাপসিবল গেটে তালা ঝুলিয়ে অবরুদ্ধ করে রাখা হয়েছিল। সন্ধ্যায় কাপাসিয়া থানা পুলিশ তালা ভেঙে তাকে উদ্ধার করে থানায় নিয়ে আসেন। এ ব্যাপারে অধ্যক্ষ বাদী হয়ে রাতে থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

জানা যায়, কলেজের অকৃতকার্য ছাত্র ও কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আকবর হোসেন জোরপূর্বক চলতি এইচএসসি পরীক্ষার ফরম পূরণ করতে চাইলে অধ্যক্ষ এতে আপত্তি জানান। এতে সে ক্ষিপ্ত হয়ে ১৪-১৫ জন ক্যাডার বাহিনী নিয়ে বেলা ২টার দিকে কলেজ ক্যাম্পাসে এসে অধ্যক্ষের দফতরের দুটি কলাপাসিবল গেটে তালা ঝুলিয়ে দেয়। এ সময় তার দফতরে ২ জন শিক্ষক ও কর্মচারীসহ ৭-৮ জন প্রায় ৪ ঘণ্টা অবরুদ্ধ ছিলেন। অবরুদ্ধ অবস্থায় অধ্যক্ষ টেলিফোনে বিষয়টি কলেজ পরিচালনা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার আনিসুর রহমানকে জানান। পরে নির্বাহী অফিসার থানার ওসি আহসান উল্লাহকে জানান। খবর পেয়ে টোক ফাঁড়ির ইনচার্জ এএসআই মিজানুর রহমান কলেজ ক্যাম্পাসে গিয়ে তালা ভেঙে অবরুদ্ধদের উদ্ধার করে পুলিশ প্রহরায় থানায় নিয়ে আসেন। অধ্যক্ষ মোহাম্মদ তাজ উদ্দিন জানান, মঙ্গলবার কলেজ পরিচালনা কমিটির সিদ্ধান্তে নির্বাচনী পরীক্ষায় যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তাদেরও ফরম পূরনের সুযোগ দেয়া হবে। কিন্তু ছাত্রলীগ নেতা আকবর ৫ বিষয়ে অকৃতকার্য হওয়ায় তাকে সুযোগ দেয়া হয়নি। ফরম পূরণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সিদ্ধান্তের ওই সভায় পরিচালনা কমিটির সদস্য ও কাপাসিয়া উপজেলা আওয়ামী লীগের সভাপতি মুহম্মদ শহীদুল্লাহ উপস্থিত ছিলেন।